



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নথি নং-বিঅ-৬/৪৭৭০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৫৯৫

তারিখ: ১৭-০৭-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ৩০-০৬-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৭০১৭))

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা জেলার সদর উপজেলাধীন ভবানীপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের দাখিলকৃত ম্যানেজিং কমিটি গঠনের অনিয়মের বিরুদ্ধে জনাব মোঃ মফিজুল ইসলাম একটি অভিযোগ দাখিল করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

১৭-০৭-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

জেলা শিক্ষা অফিসার
সাতক্ষীরা।

সংযুক্তি: অভিযোগের ছয়ালিপি

নথি নং-বিঅ-৬/৪৭৭০/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৫৯৫ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

তারিখ: ১৭-০৭-২০২২

- ১। জেলা প্রশাসক, সাতক্ষীরা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৪। প্রধান শিক্ষক, ভবানীপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়, কুশখালী, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৫। অভিযোগকারী, জনাব মোঃ মফিজুল ইসলাম (০১৭৮৯-২৪৪০২১), কুশখালী, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ৬। অফিস নথি।

১৭-০৭-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

তাং- ৩০/০৬/২০২২ ইং

বরাবর,

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর।

বিষয় : বাংলাদেশ গেজেট অমান্য করে ভবানীপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের (১১৮৮২৮) ভূয়া যোগ-সাজেশী নির্বাচন বাতিল করন এবং আদালতে মামলা বিচারাধীন থাকায় ম্যানেজিং কমিটির সকল কার্যক্রম স্থগিত করার অভিযোগ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে জানানো যাচ্ছে যে, সাতক্ষীরা সদর উপজেলাধীন ভবানীপুর ইউনাইটেড মাধ্যমিক বিদ্যালয়ের (১১৮৮২৮) ম্যানেজিং কমিটির অভিভাবক সদস্য নির্বাচন হয়। বিগত ২৬/০৬/২০২২ ইং তারিখে উক্ত নির্বাচনে প্রিজাইডিং অফিসার মোঃ জাহিদুর রহমান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার। যিনি দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তা। অথচ বাংলাদেশ গেজেট 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান প্রবিধান মালা- ২০০৯' মোতাবেক প্রিজাইডিং অফিসার হবেন একজন প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা। উক্ত প্রিজাইডিং অফিসার এবং প্রধান শিক্ষক যোগ-সাজেশে ত্রুটিপূর্ণ ভোটার তালিকা দ্বারা জালভোট প্রদান করতে সহায়তা করেন এবং অনেক প্রকৃত ভোটারদেরকে ভোট দিতে দেননি। ভোট কেন্দ্রে ব্যাপক অনিয়ম ও দুর্নীতি এবং যোগ-সাজেশী ভূয়া নির্বাচন বাতিলের জন্য বিগত ২৮/০৬/২০২২ ইং তারিখে বিজ্ঞ সদর সহকারী জর্জ আদালতে আমি মফিজুল ইসলাম দিৎ দেওয়ানী মামলা দায়ের করি। মামলা নং- দেং ৩৩৫/২২, ধার্য্য তারিখ ১২/০১/২০২৩। উক্ত মামলার রায় না হওয়া অবধি ম্যানেজিং কমিটির সকল কার্যক্রম স্থগিত রাখা সহ গেজেট অমান্য ভূয়া তথ্যকীর্ণ নির্বাচন বাতিলের জন্য মহোদয়ের নিকট সবিনয় অনুরোধ জানাচ্ছি।

বিনীত

মফিজুল ইসলাম

মফিজুল ইসলাম

মোবাইল নং- ০১৭৮৯-২৪৪৩২১

সংযুক্তি :

- ১। মামলার ফাইলিং স্লিপের ফটোকপি।
- ২। মামলার আরজি কপির ফটোকপি।
- ৩। প্রবিধান ১৪ এর ফটোকপি।
- ৪। চূড়ান্ত প্রার্থীর তালিকার ফটোকপি।
- ৫। অভিভাবক সদস্য নির্বাচনের ফলাফলের ফটোকপি।